# রমল প্রকরণ।

অর্থাৎ

## যবনাচার্য্য পিথেগোরাস মত অনুসারে গণনা।

ইহা গ্রন্থ গ্রীক, আরবী, পারসী প্রভৃতি নানাবিধ গ্রন্থ হইতে বহুব্যয়ে ও বহু যত্নে সংগৃহিত হইয়া সংক্ষেপে লিখিত। ইহার দ্বারা ত্রিকাল ফলাফল; অদৃষ্ট পরীক্ষা, মানসিক প্রশ্নের উত্তর, এবং প্রত্যাহিক ফল ইত্যাদি বিনা প্ররিশ্রমে নির্দ্ধারিত করা যায়।

---

দর্জ্জিপাড়া ৭৮ নং দুর্গাচরণ মিত্রের ষ্ট্রীট হইতে
শ্রীরাধারমন বসাক কর্ত্তৃক প্রকাশিত।

কলিকাতা

বেদান্ত-প্রেস্,—১২৭ নং মস্জীদ্ বাড়ী ষ্ট্রীট।
শ্রীনীলাম্বর বিদ্যারত্ন দ্বারা
মুদ্রিত।

---

১২৯১ সাল।

মূল্য ।৷/০ আনা

# ভূমিকা।

বর্ত্তমান, ভূত ও ভবিষ্যৎ কালত্রয়জ্ঞ কোন মহোদয় জনসমাজে আপনার জ্যোতিষ বিদ্যার পরিচয় প্রদান ও পারগতা প্রদর্শন করিলে, তাঁহার আর সমাদর ও অভ্যর্থনার পরিসীমা থাকে না। আমাদিগের চিরমনোবাঞ্ছা পূর্ণ হইবে, এই আনন্দে সকলেরই হৃদয় উদ্বেলিত হয়। বিনীত ও শিষ্ট ভাবে হৃদয়ের দ্বার উদ্ঘাটন করত, তাঁহার প্রতি সকলেই ঈদৃশী শ্রদ্ধা ও ভক্তি প্রদর্শন করিয়া থাকেন, যে তাহার ইয়ত্তা করা যায় না। ইহার উদ্দেশ্য কি? কারণ, এই কণ্টকাকীর্ণ বিষময় সংসারে কালত্রয়জ্ঞতার পারদর্শিতা লাভে কি বালক, কি যুবা, কি বৃদ্ধ সকলেরই ঐকান্তিক ইচ্ছা বলবতী। ত্রিকালজ্ঞ জ্যোতিষ বিদ্যাবিশারদ কোন মহাত্মা মনোরথ সিদ্ধির কোন উপায় প্রদর্শন করিলে তাঁহাদিগের হৃদয় উৎসাহে পূর্ণ হয়, তাঁহারা আনন্দ-সাগরে মগ্ন হইয়া একাগ্রচিত্তে ও প্রাণ পণে তাঁহার আদেশানুবর্ত্তী হইতে তৎপর হয়েন।

মহাত্মা যবনাচার্য্য ত্রিকালবেত্তা ও ত্রিকাল-দর্শী ছিলেন। তাঁহার ধীশক্তির এরূপ প্রাখর্য্য, জ্যোতিষ বিদ্যায় এরূপ পারদর্শীতা, এবং দর্শন প্রভৃতি অন্যান্য শাস্ত্রে এরূপ ব্যুৎপত্তি ও অধিকার ছিল, যে তৎকালীন ভারতবাসী কি হিন্দু, কি মুসলমান সকল জাতি মাত্রেই তাঁহার গৌরব ও যশঃ কীর্ত্তন করিত এবং তিনি সকলেরই স্তোত্রার্হ ও ভক্তিভাজন হইয়াছিলেন। কি আসিয়া, কি ইউরোপ, কি আমেরিকা কোন প্রদেশেই তত্তুল্য অদ্বিতীয় জ্যোতিষবেত্তা অদ্যাবধি জন্ম গ্রহণ করেন নাই। জ্যোতিষ বিদ্যা বিষয়ক অনেক গ্রন্থ তিনি রচনা করিয়া গিয়াছেন। তন্মধ্যে সংস্কৃত ভাষায় বিরচিত তাজক নামক গ্রন্থখানি সর্ব্বোৎকৃষ্ট, অতি অপূর্ব্ব ও অতি বিরল। ঐ গ্রন্থ দ্বারা বর্ত্তমান, ভূত ও ভবিষ্যৎ বিষয়াভিজ্ঞতা সহজে সাধারণের পক্ষে দুরূহ বিবেচনায়, অনায়াসে বোধগম্য কোন সরল সাঙ্কেতিক চিহ্ন দ্বারা উদ্দেশ্য সাধনে বিশেষ যত্নবান হইলেন।

মানবদেহে নৈসর্গিক বৈদ্যুতিক শক্তির পরিচালনা হইয়া থাকে। দৈহিক, মানসিক, ও বৈষয়িক সম্পদ ও বিপদ ঐ শক্তির আয়ত্তাধীন। কি উপায়ে বৈদ্যুতিক শক্তির প্রক্রিয়ার তারতম্যানুসারে মানব জাতির ত্রিকালীন দৈহিক, মানসিক ও বৈষয়িক উপচয়াপচয়ের তারতম্য নির্ণীত হইবে, কি উপায়েই বা দেহস্থ বৈদ্যুতিক শক্তির বাহ্যিক প্রক্রিয়া প্রকটিত হইবে, এই অতলস্পর্শ নিগূঢ় চিন্তার্ণবে যবনাচার্য্য আপনাকে মগ্ন করিলেন। দৈব প্রযুক্ত কোন দিব্য দূতকর্ত্তৃক তাঁহার হৃদয়ে উদ্ভাসিত হইল যে বৈদ্যুতিক শক্তির বাহ্যিক ক্রিয়া প্রকটনে সমর্থ অষ্ট ধাতু ঘটিত চারিটী বিন্দু ও চারিটী রেখা সমন্বিত পার্শ্বির দ্বারা মানবজাতির ত্রৈকালিক সুখ, দুঃখ, পাপ, পুণ্য, আয়, ব্যয়, স্থিতি, জন্ম ও মৃত্যু প্রভৃতি সমস্তই নির্ণীত হইবে।

কলিকাতা
২১ ফাল্গুন,
সন১২৯০ সাল।

শ্রীযজ্ঞেশ্বররায়চৌধুরি।
সাং বোদরা, পঃ পাইঘাটী
হাল সাং ৬ নং লাল ওস্তাগরের লেন
দরজিপাড়া।

# গ্রন্থারম্ভ।

এই গণনা চারি প্রকারে সিদ্ধ হইতে পারে। প্রথম পার্ক্ষি পাত গণনা; দ্বিতীয় বিন্দুপাত গণনা; তৃতীয় বর্ত্তুলরেখা পাত গণনা। চতুর্থ অঙ্কপাত গণনা। পরে পর্য্যায়-ক্রমে এই চারি প্রকার পদ্ধতি প্রদর্শন করা যাইবে, অগ্রে এই গণনার ১৬টি আকৃতির গঠন, নাম ও তাহাদিগের উৎপত্তির কারণ বলা যাইতেছে।

(১) ০ ও — প্রথম বিন্দু ও রেখা অগ্নিতত্ত্ব।

(২) ০ ও — দ্বিতীয় বিন্দু ও রেখা বায়ু তত্ত্ব।

(৩) ০ ও — তৃতীয় বিন্দু ও রেখা অপ তত্ত্ব।

(৪) ০ ও — চতুর্থ বিন্দু ও রেখা ক্ষিতি তত্ত্ব।

চারিটি বিন্দু ০০০০ ও চারটি রেখায় ☰ নিম্ন লিখিত ১৬ ষোল প্রকার আকার হয়। যথাক্রমে তাহাদিগের নাম ও তাহাদিগের স্থান নিম্নে সন্নিবেশিত হইল।

# নাম ও আকার এবং স্থান।

| নাম | সংখ্যা | আকার |
|---|---|---|
| লোহিয়ান | ১ | ০ — — — |
| কব্জুলদাখিল | ২ | — ০ — ০ |
| কব্জুলখারিজ | ৩ | ০ — ০ — |
| জমাএত | ৪ | — — — — |
| ফরাহ | ৫ | ০ ০ — ০ |
| ওকলা | ৬ | ০ — — ০ |
| অঙ্কিষ | ৭ | — — — ০ |
| হোমরা | ৮ | — ০ — — |
| বিয়াজ | ৯ | — — ০ — |
| নশ্রুর্ত্তুলখারি | ১০ | ০ ০ — — |
| নশ্রুর্ত্ত লদাখিল | ১১ | — — ০ ০ |
| অতবেখারি | ১২ | ০ ০ ০ — |
| নকী | ১৩ | ০ — ০ ০ |
| অতবে দাখিল | ১৪ | — ০ ০ ০ |
| ইস্তমত | ১৫ | — ০ ০ — |
| তরিখ | ১৬ | ০ ০ ০ ০ |

## ষোড়শ আকৃতির বিশেষ বিবরণ।

১ লোহিয়ান—উর্দ্ধে একটী বিন্দু ও তন্নিম্নে ক্রমান্বয়ে তিনটী সরল রেখা।

২ কব্জুলদাখিল—উর্দ্ধে একটী রেখা, তন্নিম্নে বিন্দু ও তন্নিম্নে রেখা, তন্নিম্নে বিন্দু।

৩ কব্জুলখারিজ—উর্দ্ধে বিন্দু, তন্নিম্নে রেখা, তন্নিম্নে বিন্দু ও তন্নিম্নে একটী রেখা।

৪ জমাএত—উর্দ্ধে হইতে নিম্নদেশ পর্য্যন্ত যথা-ক্রমে চারিটী রেখা।

৫ ফরাহ—উর্দ্ধে বিন্দু, তন্নিম্নে বিন্দু, তন্নিম্নে রেখা, তন্নিম্নে বিন্দু।

৬ ওকলা—উর্দ্ধে বিন্দু তন্নিম্নে রেখা, তন্নিম্নে রেখা, তন্নিম্নে বিন্দু।

৭ অঙ্কিষ—উর্দ্ধে হইতে পরে পরে নিম্ন পর্য্যন্ত তিনটী রেখা তন্নিম্নে বিন্দু।

৮ হোমরা—উর্দ্ধে রেখা তন্নিম্নে বিন্দু ও তন্নিম্নে পরে পরে দুইটী রেখা।

৯ বিয়াজ—উর্দ্ধে হইতে পরে পরে দুইটী রেখা, তন্নিম্নে বিন্দু ও তন্নিম্নে রেখা।

১০ নস্রুতুলখারিজ—উর্দ্ধ হইতে পরে পরে দুইটী বিন্দু ও তন্নিম্নে পরে পরে দুইটী রেখা।

১১ নস্রুতুলদাখিল—উর্দ্ধ হইতে পরে পরে দুইটী রেখা ও তন্নিম্নে পরে পরে দুইটী বিন্দু।

১২ অতবেতুলখারিজ—উর্দ্ধে ক্রমান্বয়ে তিনটী বিন্দু ও নিম্নে একটী রেখা।

১৩ নকী—উর্দ্ধে একটী বিন্দু, তন্নিম্নে একটী রেখা, তন্নিম্নে ক্রমান্বয়ে দুইটী বিন্দু।

১৪ অতবেতুলদাখিল—উর্দ্ধে একটী রেখা ও তন্নিম্নে ক্রমান্বয়ে তিনটী বিন্দু।

১৫ ইস্তমত—ঊর্দ্ধে একটী রেখা, তন্নিম্নে ক্রমান্বয়ে দুইটী বিন্দু, ও তন্নিম্নে একটী রেখা।

১৬ তরিখ—ঊর্দ্ধ হইতে নিম্নদেশ পর্য্যন্ত পরে পরে চারিটী বিন্দু।

## পাস্কা নির্ম্মাণ প্রণালী।

কাষ্ঠ ধাতুর দ্বারায় তিন অঙ্গুলি পরিমিত দীর্ঘ দুইটী পাষা প্রস্তুত করিবে। উহার প্রথম পাষাখানিতে চারি খণ্ড সমচতুষ্কোণ পাষা থাকিবে। ঐ চারি খণ্ড ক্ষুদ্র পাষা সারি সারি সাজাইলে দীর্ঘে যেন তিন অঙ্গুলি হয়। দ্বিতীয় পাষাখানিও ঠিক ঐ নিয়মে প্রস্তুত করিতে হইবে। প্রত্যেক ক্ষুদ্র পাষার দৈর্ঘ্য, প্রস্থ ও গভীরতা সমতুল্য হওয়া চাহি। চারিটী ক্ষুদ্র পাষার ভিতর ছিদ্র করিয়া তন্মধ্যে একটী লৌহ শলাকা দিয়া দুই দিক আবদ্ধ করিতে হইবে। এরূপ আবদ্ধ করিতে হইবে যেন ক্ষুদ্র ক্ষুদ্র পাষা গুলি লৌহ শলাকায় অনায়াসে ঘুরিতে ফিরিতে পারে। অপর চারিটী পাসকেরও ঐরূপ করিতে হইবে। উপরোক্ত প্রথানুসারে দুই খানি পাসক প্রস্তুত হইলে, তাহাতে বিন্দু অঙ্কিত করিতে হয়। প্রথমে প্রত্যেক ক্ষুদ্র পাসক খণ্ডের মধ্যস্থলে, উপরিভাগে ও অধোভাগে (৹) এইরূপ দুইটী বিন্দু অঙ্কিত করিবে। পরে তাহার ঠিক নিম্ন দিকে সমসূত্রপাতক্রমে চতুষ্কণাকার চারিটী এইরূপ (৹ ৹) বিন্দু অঙ্কিত করিবে। অনন্তর তাহার দুই পার্শ্বে ঠিক সমসূত্রপাতে ত্রিকোণাকার (৹৹) এইরূপ বিন্দু অঙ্কিত

করিতে হইবে। বিন্দু গুলিন এইরূপে অঙ্কিত করিতে হইবে যেন পাসক পরিবর্ত্তন করিলে, পরস্পরের সহিত পরস্পরে মিলন থাকে। এই প্রণালীতে পাসক প্রস্তুত করিলে প্রত্যেক উপর নীচের দুই ক্ষুদ্র পাশকের চিহ্ন দ্বারায় ঠিক ষোলটী আকার প্রস্তুত হইবে। কোন আকার দুইবার হইবে না। চৈত্র মাসের যে দিবস দিবা রাত্র সমান সেই দিন হইতে বৈশাখ মাসের ১০ তারিখের মধ্যে রাত্রযোগে পাসক প্রস্তুত করিবে। আর যাহার পাসক প্রস্তুত থাকিবে, তিনি উক্ত দিবসের মধ্যে তিন দিন রাত্রে তাঁহার সেই পাশিতে ধূপ ও ধুনা দিয়া আরতি করিবেন।

## পাশি নিক্ষেপের নিয়ম।

মাসের তৃতীয়, পঞ্চম, ত্রয়োদশ, ষোড়শ, একবিংশতি, চতুর্বিংশতি, ও পঞ্চবিংশতি দিবসে; ও শুক্রবার, শনিবার এবং মঙ্গলবার বেলা দেড় প্রহরের পর এবং রাত্রে পাশিগণনা নিষিদ্ধ। স্নানান্তে শুদ্ধ বস্ত্র পরিধান পূর্ব্বক পরমাত্মার পদাম্বুজে নমস্কার করিয়া সংকল্পিত কার্য্য স্মরণান্তর পাসক নিক্ষেপ করিলে অবশ্যই অভীষ্ট সিদ্ধ হইবে। যাঁহার প্রশ্নগণনা করিতে হয়, গণক তাঁহার হস্তে স্বয়ং পাশি প্রদান করিবেন। পাশি নিক্ষেপের সময় ক্ষেপনাধারে বাম হস্ত স্পর্শ করিয়া রাখিতে হয়। তক্তি অথবা শ্লেটে অথবা পুস্তকের উপর পাশি নিক্ষেপ করা বিধেয়। মনে মনে প্রশ্ন করিয়া উভয় কীলক নিবদ্ধ দুই

খানি পাস্কি নিক্ষেপ করিতে হয়। সেই পাসকদ্বয়স্থিত ৮ আট খানি ক্ষুদ্র পাসক খণ্ডে যে যে বিন্দু পড়ে তাহাতে চারিটী আকার প্রস্তুত করিয়া লইতে হইবে। তাহার প্রণালী এই যে পাস্কি দুই খানি যে ভাবে পড়িবে ঠিক সেই ভাবে স্থাপন করিবে এবং যে খানি অগ্রে পড়িবে সেই খানির ক্রোড়ে অপর পাস্কি খানি রাখিবে। পরে বাম গতি ক্রমে অগ্রে উপরের বিন্দু, পরে তন্নিম্নস্থ বিন্দু অনুসারে নিম্নলিখিত প্রকারে আকার প্রস্তুত করিতে হইবে। পাস্কির গাত্রে যে পংক্তিতে এক বিন্দু থাকিবে, তাহাতে এক বিন্দু এবং যে পংক্তিতে দুই বিন্দু তাহাতে একটী রেখা ধরিতে হয়। এই প্রণালীতে যে চারিটী আকার হইবে, তাহা হইতে পর্য্যায়ক্রমে আর ১২টী আকার বাহির করিয়া লইতে হয়। ইহার বিষয় অঙ্কপাত গণনায় স্পষ্ট বুঝাইয়া দেওয়া যাইবেক।

## বিন্দুপাত গণনা

আনুমানিক চারি ২ পংক্তিতে ৯টীর অন্যূন ও ষোলটীর অনধিক চারিস্তরে বিন্দুপাত করিতে হয়। গণনাকাঙ্খি স্বেচ্ছামত এই রূপ বিন্দুপাত করিবেন; যথা—

প্রথম দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ,

০০ ০০ ০০ ০০ ●০ ০

০০ ০০ ০● ০০ ০● ০০

৩০ ০০ ০০ ০০ ০০

০০ ০০ ০০.০● ০

নিশ্বাস বন্ধ করিয়া এই প্রকার চারিঘরে ইচ্ছামত বিন্দুপাত করিবেন। যথা প্রথম পংক্তিতে ১১ একাদশ বিন্দু অনুসারে একটি বিন্দু বিযোড় প্যাওয়া গেল; তাহার ফল একটি (০) বিন্দু দ্বিতীয় পংক্তিতে ১২ দ্বাদশ বিন্দু বিযোড় নাই। যোড়ের ফল রেখা (—) তৃতীয় পংক্তিতে ১০ বিন্দু। যোড়ের ফল রেখা (—) চতুর্থ পংক্তিতে ৯য় বিন্দু বিযোড়, বিযোড়ের ফল বিন্দু (০)। এই চারিটী পংক্তিতে $\left(\begin{smallmatrix}\circ\\ =\\ \circ\end{smallmatrix}\right)$ এই আকার হইল, ইহার নাম (ওকলা)। এই প্রকার দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ ঘরে। আনুমানিক বিন্দুপাত করিয়া আর তিনটি আকার প্রস্তুত করিয়া লইতে হয়। এই চারিটী আকৃতি হইতে আর বারটী আকৃতি বাহির করন প্রনালী অঙ্কপাত গণনায় স্পষ্ট বুঝান যাইবেক।

## বর্ত্তুলাকার রেখাপাত গণনা

প্রশ্নবক্তা প্রশ্নকর্ত্তার হস্তে হস্ত দিয়া তাঁহাকে একটী বর্ত্তুল অর্থাৎ একটী গোলাকার স্থাপন করিয়া নিশ্বাস বন্ধ করিয়া তদ্‌গাত্রে রেফের ন্যায় ক্ষুদ্র ২ রেখা দিতে বলিবেন। প্রশ্নকর্ত্তা উক্ত ক্ষুদ্র ক্ষুদ্র রেখা গণনা করিয়া লইবেন। যদ্যাপি গণনায় ষোলর বেশী হয়, তবে তাহা হইতে ১৬ ষোল বাদ দিয়া যে সংখ্যা থাকিবে সেই সংখ্যার আকারটী লইবেন। যদ্যাপি ষোলর কম হয়। তবে সেই সংখ্যার আকারটী লইবেন। মনে করুন প্রশ্নকর্ত্তা যেন O☰ এইরূপ বর্ত্তুল লিখিলেন। এখন দেখা

যাইতেছে যে উহাতে পাঁচটী রেখা আছে সুতরাং ষোলটী আকারের মধ্যে পঞ্চমটী লওয়া হইল। (ঃ) ইহার নাম করাছ; এই গণনায় এইটি প্রথম অবলম্বন আকার।এই আকার হইতে গণনা করিয়া সপ্তম আকার অর্থাৎ( ) নক্ষেত্র-র্ত্তুল দাখিল আকারটী স্থাপন করিতে হইবে। আবার নক্ষেত্রর্ত্তুলে দাখিল আকার হইতে গণনা করিয়া সপ্তম আকার অর্থাৎ ( ) লোহিয়ান আকার লিখিতে হইবে; পরে ইহার সপ্তম আকৃতি( ) অঙ্কিয লিখিবে। এই প্রণালীতে চারিটী আকার প্রস্তুত করিতে হয়। অথবা প্রথম বর্ত্তুলের ন্যায় আর তিনটী বর্ত্তুলে ইচ্ছামত আঙ্কত করিতে বলিয়া তদ্রেখাঙ্কের সংখ্যা অনুযাইক আর তিনটী আকৃতি করিয়া লইবেন। অপর বারটী আকারের স্থাপন বিষয় অঙ্কপাত গণনায় ব্যাখ্যা করা যাইবে।

## অঙ্কপাত গণনা।

প্রশ্নকর্ত্তাকেএক হইতে একশতর মধ্যে কোন চারিটী অঙ্কপাত করিতে বলিয়া প্রশ্নবক্তা প্রশ্নকর্ত্তার হস্তে লেখনী দিবেন ও উত্তম রূপে তাঁহার হস্ত স্পার্শ করিয়া লিখিতে বলিবেন; মনে করুন প্রশ্নকর্ত্তা নিম্নলিখিত চারিটী অঙ্কপাত করিলেন যথা— ২০, ২৫, ৭, ৮০,

ষোলটী আকৃতির অনুরোধে প্রত্যেক অঙ্ক হইতে ষোল পৃথক অঙ্ক বাদ দিয়া যত বাকি থাকে, প্রশ্নবক্তা বাকি

অঙ্কে এক ২ আকৃতি লিখিবেন। আনুমানিক অঙ্কপাত যদ্যপি যোলর ন্যুন হয়, তবে পুর্ণাঙ্কেই এক আকৃতি। এস্থলে প্রথমাঙ্ক ২০ হইতে যোল বাদ দিলে ৪ অবশিষ্ট থাকিল ; ইহার আকৃতি জমাএত(☰)। দ্বিতীয় অঙ্ক ২৫ হইতে ১৬ বাদ দিলে ৯ বাকি থাকিল ; ইহার আকৃতি বিয়াজ(⚬̄)। তৃতীয় অঙ্ক ৭ হইতে ১৬ বাদ যায় না, সুতরাং ইহার আকৃতি অঙ্কিয (☰⚬) । চতুর্থ অঙ্ক ৮০ হইতে ৫টী ১৬ অর্থাৎ (৫ + ১৬)=৮০ বাদ গেলে, বাকি শুন থাকে অথবা ( ৪ + ১৬ ) ৬৪=বাদ দিলে ১৬ই বাকি থাকে এরূপ স্থলে ১৬ ঘরের আকৃতি তরিখ (⚬⚬⚬⚬) হইবে,

এই চারিটী আকৃতির নাম উমাহৎ। ইহারা গ্রহ-স্থিতির ন্যায় বামবর্ত্তি হইয়া পর্য্যায়ক্রমে ফলপ্রদান করে। অতএব গ্রহস্থিতির ন্যায় ঐ (১) হইতে (৪) পর্য্যন্ত আকৃতি গুলি দক্ষিণ হইতে বাম ভাগে রাখিবে। পরে ঐ চারিটী আকৃতি হইতে (৫) (৬) (৭) ও (৮) আকৃতি বাহির করন প্রণালী দেখান যাইতেছে।

### (৫) পঞ্চম আকৃতি প্রস্তুত প্রণালী।

প্রথম আকৃতির উর্দ্ধের রেখা (—) তন্নিম্নে দ্বিতীয় আকৃতির উর্দ্ধের রেখা (--) তন্নিম্নে তৃতীয় আকৃতির উর্দ্ধের রেখা (—) এবং তান্নম্নে চতুর্থ আকৃতির উর্দ্ধের বিন্দু (০) এই প্রণালীতে রাখিলে(☰⚬)অঙ্কিয আকৃতিটি হইবে।

(৬) ষষ্ট আকৃতি প্রস্তুত প্রণালী।

প্রথম আকৃতির দ্বিতীয় রেখা (—) তন্নিম্নে দ্বিতীয় আকৃতির দ্বিতীয় রেখা (—) তন্নিম্নে তৃতীয় আকৃতির তৃতীয় রেখা (—) এবং তন্নিম্নে চতুর্থ আকৃতির দ্বিতীয় বিন্দু (০) এই প্রণালীতে রাখিলে আঙ্কষ আকৃতিটি হইবে।

(৭) সপ্তম আকৃতি প্রস্তুত প্রণালী।

প্রথম আকৃতির তৃতীয় রেখা ( — ) তন্নিম্নে দ্বিতীয় আকৃতির তৃতীয় বিন্দু ( ০ ) তন্নিম্নে তৃতীয় আকৃতির তৃতীয়রেখা ( — ) এবং তন্নিম্নে চতুর্থ আকৃতির তৃতীয় বিন্দু ( ০ ) এই প্রণালীতে রাখিলে ( ) কক্কুল দাখিল আকৃতিটী হইবে।

(৮) অষ্টম আকৃতি প্রস্তুত প্রণালী।

প্রথম আকৃতির চতুর্থ রেখা (—) তন্নিম্নে দ্বিতীয় আকৃতির চতুর্থ রেখা (—) তন্নিম্নে তৃতীয় আকৃতির চতুর্থ বিন্দু (০) তন্নিম্নে চতুর্থ আকৃতির চতুর্থ বিন্দু (০) এই প্রণালীতে রাখিলে ( ) কজ্জোতুল দাখিল আকৃতিটী হইবে।

অথচ উদাহৃতের চারিটি আকৃতির প্রথম পংক্তির দক্ষিণ হইতে বাম ভাগের রেখা ও বিন্দু লইয়া পর্য্যায়ক্রমে অধোগতিতে রাখিলে পঞ্চম আকৃতিটী হয়। উক্ত প্রণালীতে দ্বিতীয় পংক্তি হইতে ষষ্ট, তৃতীয় পংক্তিতে সপ্তম, ও চতুর্থ পংক্তিতে অষ্টম আকৃতি হয়; এই চারিটি আকৃতির নাম নবাত অথবা বানাত, ইহাদিগের রাখিবার পদ্ধতি

উমাহতের বাম ভাগে, (৫) হইতে (৮) পর্য্যন্ত আকৃতিগুলি পর্য্যায়ক্রমে দক্ষিণ হইতে বাম গতিতে রাখিবে। যথাঃ—

## যাচা।

| বানাত | | | | উমাহত | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ১ |
| — | — | — | — | ০ | — | — | — |
| — | ০ | — | — | ০ | — | — | — |
| ০ | — | — | — | ০ | — | ০ | — |
| ০ | ০ | ০ | ০ | ০ | ০ | — | — |

মতুত্তয়া | লেদাত

| ১২ | ১১ | ১০ | ৯ |
|---|---|---|---|
| — | — | ০ | — |
| ০ | — | ০ | — |
| ০ | — | ০ | ০ |
| — | — | — | — |

জায়ে | দাত

| আয়না | সায়েল |
|---|---|
| ১৪ | ১৩ |
| — | ০ |
| ০ | ০ |
| ০ | — |
| — | — |

| কাজি | আনজাম |
|---|---|
| ১৫ | ১৬ |
| ● | ০ |
| — | — |
| ০ | ০ |
| — | — |

আকৃতি স্থাপিত স্থানকেই যাচার গৃহ কহে।

তৎপরে আর অবশিষ্ট ৮ আটটী আকৃতির মধ্যে প্রত্যেকটীই দুইটী ২ আকৃতি হইতে উৎপন্ন হয়। এ স্থলে বক্তব্য এই যে বিন্দুতে বিন্দুতে ( — ) রেখা হয়, রেখায় রেখায় ( — ) রেখা হয়, বিন্দুতে রেখাতে ( ০ ) বিন্দু হয়, এবং রেখাতে বিন্দুতে ( ০ ) বিন্দু হয়। আর যে দুই আকৃতি হইতে যে আকৃতিটী প্রস্তুত হইবে সেই আকৃতি-টীকে উক্ত দুই আকৃতির মধ্যস্থলে নিম্নদেশে রাখা বিধেয়। যথা :—

৯ নবম গৃহের আকৃতি প্রস্তুত প্রণালী।

প্রথম ও দ্বিতীয় আকৃতি দ্বয় হইতে ৯ নবম আকৃতিটী হইবে। যথা :— ( ১ ) ও (২ ) চিহ্নিত আকৃতি দ্বয়ের উর্দ্ধস্থিত দুইটী রেখার ফল একটী রেখা ( — ) তন্নিম্নস্থ দ্বিতীয় দুইটী রেখার ফল একটী রেখা (—) তন্নিম্নস্থ তৃতীয় রেখা ও বিন্দুর ফল, বিন্দু ( ০ ) এবং সর্ব্ব নিম্নস্থ চতুর্থ দুইটী রেখার ফল রেখা ( — ) অধোগতি ক্রমে রাখিলে এইরূপ (⩶) বিরাজ আকৃতি প্রস্তুত হইবে।

১০ দশম গৃহের আকৃতি প্রস্তুত প্রণালী।

তৃতীয় ও চতুর্থ আকৃতি দ্বয় হইতে ১০ দশম আকৃতিটী হইবে। যথা :—( ৩ ) ও ( ৪ ) চিহ্নিত আকৃতি দ্বয়ের যথাক্রমে উর্দ্ধস্থিত রেখা ও বিন্দুর ফল বিন্দু ( ০ ) তন্নিম্নস্থ দ্বিতীয় রেখা ও বিন্দুর ফল বিন্দু ( ০ ) তন্নিম্নস্থ রেখা ও বিন্দুর ফল বিন্দু ( ০ ) এবং সর্ব্ব নিম্নে চতুর্থ দুইটী বিন্দুর

ফল রেখা ( — ) অধোগতি ক্রমে রাখিলে এইরূপ ( ⁘ ) অত্তবেতুল খারিজ আকৃতি হইবে।

১১ একাদশ গৃহের আকৃতি প্রস্তুত প্রণালী।

পঞ্চম ও ষষ্ঠ আকৃতি দ্বয় হইতে ১১ একাদশ আকৃতিটী হইবে। যথা :—( ৫ ) ও ( ৬ ) চিহ্নিত আকৃতি দ্বয়ের উর্দ্ধস্থিত দুইটী রেখার ফল রেখা ( — ) তন্নিম্নস্থ দ্বিতীয় দুইটী রেখার ফল রেখা ( — ) তন্নিম্নস্থ তৃতীয় দুইটী রেখার ফল রেখা ( — ) এবং সর্ব্ব নিম্নে চতুর্থ দুইটী বিন্দুর ফল রেখা ( — ) অধোগতি ক্রমে রাখিলে এইরূপ ( ☰ ) জমাএত আকৃতি হইবে।

১২ দ্বাদশ গৃহের আকৃতি প্রস্তুত প্রণালী।

সপ্তম ও অষ্টম আকৃতি দ্বয় হইতে ১২ দ্বাদশ আকৃতিটী হইবে। যথাঃ—(৭) ও ( ৮ ) চিহ্নিত আকৃতি দ্বয়ের উর্দ্ধস্থিত দুইটী রেখার ফল রেখা ( — ) তন্নিম্নস্থ দ্বিতীয় বিন্দু ও রেখার ফল বিন্দু ( ০ ) তন্নিম্নস্থ তৃতীয় রেখা ও বিন্দুর ফল বিন্দু ( ০ ) এবং সর্ব্ব নিম্নে চতুর্থ দুইটী বিন্দুর ফল রেখা ( — ) রাখিলে ( ⁘ ) ইস্তেমত আকৃতি হইবে। ( ৯ ) হইতে ( ১২ ) পর্য্যন্ত এই চারিটী আকৃতির নাম মত্ত-ওয়ালেদাত ইহাদিগের রাখিবার পদ্ধতি উমাহতের ও বানাতের নিম্নে ; ( ৯ ) হইতে ( ১২ ) পর্য্যন্ত আকৃতি গুলি পর্য্যায়ক্রমে দক্ষিণ হইতে বাম গতিতে রাখিবে।

১৩ ত্রয়োদশ গৃহের আকৃতি প্রস্তুত প্রণালী।

নবম ও দশম আকৃতি দ্বয় হইতে ১৩ ত্রয়োদশ আকৃতিটী হইবে। যথা :—(৯) ও (১০) চিহ্নিত আকৃতি দ্বয়ের ঊর্দ্ধস্থিত রেখা ও বিন্দুর ফল বিন্দু (০) তন্নিম্নস্থ দ্বিতীয় রেখা ও বিন্দুর ফল বিন্দু (০) তন্নিম্নস্থ তৃতীয় দুইটী বিন্দুর ফল রেখা (—) এবং সর্ব্ব নিম্নে চতুর্থ দুইটী রেখার ফল রেখা (—) পর্য্যায়ক্রমে রাখিলে (০০—) নক্ষত্র- র্তুলখারিজ আকৃতি হইবে।

১৪ চতুর্দ্দশ গৃহের আকৃতি প্রস্তুত প্রণালী।

একাদশ ও দ্বাদশ আকৃতি দ্বয় হইতে ১৪ চতুর্দ্দশ আকৃতিটী হইবে। যথা :—(১১) ও (১২) চিহ্নিত আকৃতি দ্বয়ের ঊর্দ্ধের দুইটী রেখার ফল রেখা (—) তন্নিম্নস্থ দ্বিতীয় রেখা ও বিন্দুর ফল বিন্দু (০) তন্নিম্নস্থ তৃতীয় রেখা ও বিন্দুর ফল বিন্দু (০) এবং সর্ব্ব নিম্নে চতুর্থ দুইটী রেখার ফল রেখা (—) পর্য্যায়ক্রমে রাখিলে (—০০—) ইস্তমত আকৃতি হইবে।

১৫ পঞ্চদশ গৃহের আকৃতি প্রস্তুত প্রণালী।

ত্রযোদশ ও চতুর্দ্দশ আকৃতি দ্বয় হইতে ১৫ পঞ্চদশ আকৃতিটী হইবে। যথা :—(১৩) ও (১৪) চিহ্নিত আকৃতি দ্বয়ের পর্য্যায়ক্রমে ঊর্দ্ধের বিন্দু ও রেখার ফল বিন্দু (০) তন্নিম্নস্থ দ্বিতীয় দুইটী বিন্দুর ফল রেখা (—)

তন্নিম্নস্থ তৃতীয় রেখা ও বিন্দুর ফল বিন্দু ( ০ ) এবং সর্ব্ব নিম্নে চতুর্থ দুইটী রেখার ফল রেখা ( — ) অধোগতি ক্রমে রাখিলে ( $\frac{০}{০}$ ) কবজুলখারিজ আকৃতি হইবে

১৬ ষোড়শ গৃহের আকৃতি প্রস্তুত প্রণালী।

প্রথম ও পঞ্চদশ আকৃতি দ্বয় হইতে ১৬ ষোড়শ আকৃতিটী হইবে। যথাঃ—( ১ ) ও ( ১৫ ) চিহ্নিত আকৃতি দ্বয়ের উর্দ্ধের রেখা ও বিন্দুর ফল বিন্দু ( ০ ) তন্নিম্নস্থ দ্বিতীয় দুইটী রেখার ফল রেখা ( — ) তন্নিম্নস্থ তৃতীয় রেখা ও বিন্দুর ফল বিন্দু ( ০ ) এবং সর্ব্ব নিম্নে চতুর্থ দুইটী রেখার ফল রেখা ( — ) অধোগতি ক্রমে রাখিলে ( $\frac{০}{০}$ ) কবজুলখারিজ আকৃতি হইবে।

১৩ হইতে ১৬ পর্য্যন্ত এই চারিটী আকৃতির নাম আয়েদাত ইহাদিগের রাখিবার পদ্ধতি যে দুই আকৃতি হইতে যে আকৃতিটী প্রস্তুত হইয়াছে সেই আকৃতিটীকে উক্ত দুই আকৃতির মধ্যস্থলে নিম্নদেশে রাখা বিধেয়।

কেবল ( ১৬ ) আকৃতিটীকে ( ১৫ ) আকৃতির দক্ষিণে রাখিবে। এই সমস্ত এক হইতে ষোলটী আকৃতির নাম যাচা অথবা শিবল কহে।

যাচার ( ১৩ ) ত্রয়োদশ আকৃতিটিকে সায়েল অর্থাৎ ভ্রমণ কহে।

যাচার ( ১৪ ) চতুর্দ্দশ আকৃতিটিকে আয়না অর্থাৎ দর্পণ কহে।

যাচার ( ১৫ ) পঞ্চদশ আকৃতিটীকে কাজি অথবা বিচারপতি কহে।

যাচার (১৬) ষোড়শ আকৃতিটিকে আনজাম কহে অর্থাৎ ইহাতে বুঝাইবে কার্য্যের শেষ হইল।

## যাচার শুদ্ধাশুদ্ধ নিরাকরণ।

যাচার ( ১৫ ) পঞ্চদশ আকৃতি অর্থাৎ বিচারপতির দুই বিন্দু ও দুই রেখার ছয়টী আকৃতি হয়, এবং চারি বিন্দুতে একটী ও চারি রেখাতে একটী, এই আটটী ব্যতীত আর অপর আকৃতি হয় না। যথা :—

কবজুলদাখিল, কবজুলখারিজ, ওকলা, নশ্রুর্ত্তুলখারিজ, নশ্রুত্তুলদাখিল, ইস্তমত, তরিখ, জমাএত। ইহা ভিন্ন যদি অপর আকৃতি হয় তাহা হইলে জানিবে যে যাচা প্রস্তুত করিতে ভুল হইয়াছে।

উপরোক্ত আটটী আকৃতির মধ্যে প্রথম ছয়টী আকৃতি দ্বারায় মানসিক কথা ঠিক বলা যায়, এবং শেষের দুইটিতে মানসিক কথা ঠিক বলা যায় না, কারণ শেষের দুইটীর মধ্যে তরিখটীকে কালা বিচারপতি ও জমাএতটীকে বোবা বিচারপতি কহে। এই রকমে যাচার যে আকৃতি যে স্থানের আকৃতি হইয়াছে তদনুযায়িক ফল বলা যায়।

## কোন গৃহে কি কি বিষয় দেখিবে।

প্রথম গৃহে,—মাথা ও কপাল; তনু: দৈহিক সুস্থ ও অসুস্থতা, শরীরের গঠন, ও চিহ্ন, ক্ষমতার পরিমাণ বিশিষ্ট লোক, বংশ, দাতা কি কৃপণ, ধনী কি নির্ধনী, ভবিষ্যৎ, কোন্ নিশ্বাস বহন হয়, অদৃষ্ট, সুখ, দুঃখ, মনের অভিলাষ, জীবন, আয়ু, মুসকিলের কর্ম্ম, জন্ম স্থান, বল, কার্য্যারম্ভ, যত্ন, রাজনীতি, শাস্তি, ফকিরেরশত্রু, গুরুর মাতা, দাসের মৃত্যু, বিদেশীর স্ত্রী, শত্রুর অর্থ, উজিরের ভ্রাতা, রাজার সিংহাসন, আকাশের ভাবি ঘটনা এবং পরমায়ুর সংখ্যা এই সমস্ত বিষয় জানিতে পারা যায়।

দ্বিতীয় গৃহে,—চক্ষু মুখ ও গলা, ধনস্থান; কর্জ্জ, অর্থ সহায়তা, ধনী কি নির্ধনী. দান, কৃপণতা, দুগ্ধপোষ্য বালকের অর্থ আমানত রাখন, জীবিকা, সাহায্য. উদ্যম, ক্রয়, বিক্রয়, আগমন, সমস্ত বিষয়ের তত্ত্বাবধান, গলার স্বর,

কর্ক্কশ কি মিষ্ট স্বর, পার্শ্বস্থ মনুষ্য, ধনরত্নাদি, অস্থাবর সম্পত্তি এবং নিজ কুটুম্ব এই সমস্ত বিষয় জানা যায়।

তৃতীয় গৃহে,—স্কন্ধ ও হস্ত; সহোদর; সহোদরা ও আত্মীয়, সমবয়স্ক, বিদ্যার পরিমাণ, বক্তৃতা, দিবা নিদ্রা ও তদাবস্থায় স্বপ্নে ভাল মন্দ পরীক্ষা, নিকটে গমন, ধর্ম্মাচরণ, দেবালয়, প্রতিবাসী, পরাক্রম, সাহস ও জ্ঞাতি এই সকল বিষয় জানা যায়।

চতুর্থ গৃহে,—বক্ষ ও স্তন; বন্ধু; বাটী, বাগান, ক্ষেত্র, জনপদ, বৃক্ষরোপণ, শ্মশান, জমির উৎপত্তি, মনস্কামনার সিদ্ধাসিদ্ধ, সমস্ত বিষয় প্রাপ্তি ও অপ্রাপ্তি, পিতার অবস্থা, মাতা, পৈতৃক সম্পত্তি, বাহন, বিশ্রাম এবং সুখস্থান এই সমস্ত জ্ঞাত হওয়া যায়।

পঞ্চম গৃহে, পৃষ্ঠদেশ ও উপরপেট; পুত্র, গর্ভের শুভাশুভ, দূত, প্রেরিত ব্যক্তির আগমন, পিতৃ অর্থ, মাদক দ্রব্য, কৌতুক, যে স্ত্রীলোকের উপর আসক্তি আছে, হর্ষ, শিল্পকার্য্য, সুহৃদ,

বুদ্ধি, বিদ্যা, উপাসনা, স্নেহ, মঙ্গল সংবাদ, পিতৃ-বিত্ত এবং আশা এই সমস্ত বিষয় জানা যায়।

ষষ্ঠ গৃহে,---নাভি ও তলপেট; রিপু; শত্রু, পীড়া, দাস, দাসী, যাদু ও গুণ, চোর, ঋণ প্রার্থনা, দোষ, হৃতবস্তু প্রাপ্তির জন্য সন্তোষ, চেরাখুরি ছোট পশু, খর্ব্বাকার, ক্ষুদ্রদেহ এই সকল বিষয় জানা যায়।

সপ্তম গৃহে,—কোমর ও পাছা; জায়া; ভর্ত্তা, সরিক, মৈথুন, উদ্যম, চোর, বিবাদ, মতলব, প্রশ্নভেদ, স্থানান্তরের অর্থ, আগমন, গাত্র, স্বীয়দেশ ও পরদেশ জয়, প্রার্থিত বস্তু প্রাপ্তি ও অপ্রাপ্তি, সকল বিষয়ের কথাবার্ত্তা, প্রত্যাশা এবং আশার বিষয় জানা যায়।

অষ্টম গৃহে,—গুহ্য ও লিঙ্গ; নিধন; কলঙ্ক, আলস্য, শোক, ভয়, পোঁতাধন, ঋণগ্রহণ, দুঃশীলের আগমন, মকদ্দামা মামলা; ঋণমুক্তি, সমস্ত বিষয়ের জয় হওয়া না হওয়া, কোন জিনিষ এবং কোন বিষয় হইবে কি না হইবে পাওয়া যাইবে কি না যাইবে, সত্য কি মিথ্যা, ক্লেশ, নষ্টধন,

কারাবদ্ধ, কারা হইতে মুক্তি, স্ত্রীধন এবং অংশী-দার হইতে লাভালাভ এই সমস্ত বিষয় জানা যায়।

নবম গৃহে,—জানু, ধর্ম্ম, নিশাস্বপ্ন, নিদ্রা, ব্যভিচার, সতীত্ব, দূরগমন, ভাগ্যোদয়, অভি-লষিত দেবসেবা, পরিশ্রম, এবং স্থাপিতধন এই সমস্ত জানা যায়।

দশম গৃহে,—হাঁটু, কর্ম্ম, মান্য, ধুমধাম, ঔষধি, বৈদ্য, গুরু, বল, উদ্যম, কীর্ত্তি, রাজ-প্রাধান্য, রাজা, কার্য্য সিদ্ধাসিদ্ধ, আহার কি অনাহার, ভাগ্যোদয়, মাতৃসেবা, স্বজাতি, প্রভু, মেঘ, ও মন্ত্র এই সমস্ত বিষয় জানা যায়।

একাদশ গৃহে,—গোড়ালির উপরিভাগ ; আয়, বন্ধু, মন্ত্রী, স্বীয়াভিষ্টসিদ্ধ, আশারসাফল্য, ভাগ্য, ভাগ্যোদয়, অমাত্য, ঈশ্বরেরস্তুতি, সত্য, মিথ্যা ও প্রত্যাশার বিষয় জানা যায়।

দ্বাদশ গৃহে,—পায়ের চাটুদেশ, ; ব্যয় ; কারাগার, ঋণমুক্ত, নষ্টামি, বড়পশু, শত্রুর-কারাবাস, বন্ধনস্থিত পুরুষের মুক্তি, এবং ব্যবহার এই সমস্ত বিষর জানা যায়।

ত্রয়োদশ গৃহে,—নিজের ক্ষমতা জানা যায়, এবং প্রথম, পঞ্চম, ও নবম গৃহের সাক্ষ্য* হয়।

চতুর্দ্দশ গৃহে,—অপরের ক্ষমতা জানা যায় এবং দ্বিতীয়, ষষ্ঠ, দশম গৃহের সাক্ষ্য হয়।

পঞ্চদশ গৃহে,—মনের কথা জানা যায়, এবং তৃতীয় সপ্তম, ও একাদশ গৃহের সাক্ষ্য হয়।

ষোড়শ গৃহে,—হরকরা ও চালানী বস্তুর ঘটনা জানা যায় এবং চতুর্থ, অষ্টম, ও দ্বাদশ গৃহের সাক্ষ্য হয়।

---

* প্রশ্নবক্তা ১। ৫। ৯ গৃহের আকৃতি অনুসারে প্রশ্নকর্ত্তার যে যে জিজ্ঞাস্য বিষয় বলিবেন সেই সেই বিষয় ১৩ গৃহের আকৃতি দ্বারা পরীক্ষা করিয়া বলিলেন। ১ম গৃহের আকৃতি অনুসারে তনু পদ্ধতির বিষয় বলিতে হয়। যাহার ১ম গৃহের আকৃতি শুভ কি অশুভ ফলপ্রদ দেখিয়া ১৩ গৃহের আকৃতি শুভ কি অশুভ ফলপ্রদ দেখিতে হইবে। যদ্যপি ১ম গৃহের আকৃতি শুভ কি অশুভ ফলপ্রদ হয় এবং ১৩ গৃহের আকৃতি শুভ হয় তবে জিজ্ঞাস্য বিষয়ে শুভ হইবেক। যদ্যপি ১ম গৃহের ও ১৩ গৃহের আকৃতি দ্বয় অশুভ ফলপ্রদ হয় তাহা হইলে জিজ্ঞাস্য বিষয়ে অশুভ হইবেক। এইরূপ ৫। ৯ গৃহের আকৃতির ফল উক্ত গৃহের আকৃতি দ্বারা পরীক্ষা করিয়া বলিতে হয়। ১৪। ১৫। ১৬ গৃহে উল্লিখিত সাক্ষ্যের বিষয় উপরোক্ত প্রকারে জানিবে।

# মানসিক প্রশ্ন গণনা।

যাচার অর্থাৎ শিকলের পঞ্চদশ গৃহের যে আকৃতি অর্থাৎ কাজি (বিচারপতি) ও ষোড়শ গৃহে অর্থাৎ আনজামে (শেষে) যে আকৃতি হইবে তদনুসারে মানসিক প্রশ্ন বলিবে। যথাঃ-

বিচারপতি কব্‌জুল দাখিল হয়।

লহিয়ান শেষে হইলে প্রশ্ন কর্ত্তার মিলন করিবার বাঞ্ছা ও বন্ধুর পীড়া শ্রবণ বিষয়ক মানাসক চিন্তা।

কব্‌জুল দাখিল শেষে হইলে প্রশ্ন কর্ত্তার শত্রুর উৎপীড়নে শত্রুর সহিত স্নেহ ও মিলনের অভিলাষ।

কব্‌জুল খারিজ শেষে হইলে প্রশ্ন কর্ত্তার কোন গুপ্ত কার্যে সখ্যতা করিবার ও পীড়া নাশের চিন্তা।

জমাএত শেষে হইলে প্রশ্ন কর্ত্তার মনে অর্থাশা ও তজ্জন্য কুপ্রবৃত্তির উদয়।

ফরাহ শেষে হইলে প্রশ্ন কর্ত্তার মহোদয়ের সহিত মিলন, মুক্তি ও দ্রব্য বিষয়ক চিন্তা।

ওকলা শেষে হইলে প্রশ্ন কর্ত্তার অধিকারীর সহিত মিলন ও অন্য স্থান হইতে ধন সঞ্চয় বিষয়ক চিন্তা।

অঙ্কিষ শেষে হইলে প্রশ্ন কর্ত্তার মনে বন্ধুতা ও গূঢ় সম্পত্তি অন্বেষণ অভিলাষ হইয়াছে।

হোমরা শেষে হইলে প্রশ্ন কর্ত্তার তস্করের নিকট অর্থ প্রাপ্তি, সমারোহ, গুপ্ত পরিণয় সম্পাদনেচ্ছা!

বিয়াজ শেষে হইলে প্রশ্ন কর্ত্তার মনে বন্ধুর পরামর্শে প্রবাসের ইচ্ছা হইয়াছেন।

নশ্রেতুল খারিজ শেষে হইলে প্রশ্ন কর্ত্তা ভ্রষ্ট ধনের ও ঐশ্বর্য্যের উল্লাস করিতেছ।

নশ্রেতুল দাখিল শেষে হইলে কাহারও [illegible] মিলন ও আরোগ্য লাভের চিন্তা।

অতবে খারিজ শেষে হইলে প্রশ্ন কর্ত্তার মনে পরিণয় ও গূঢ় ব্যাপারের ইচ্ছা।

নকী হইলে শত্রুতা সাধন, বন্ধুর কিম্বা অপরের সহিত বিরোধ, ও অর্থ লোভে চৌর্য্য কার্য্যের চিন্তা।

অতবে দাখিল শেষে হইলে প্রশ্ন কর্ত্তার পরিণয় ও স্বজাতীর সহিত প্রবাস গমনে চিন্তা।

ইস্তমক্ত শেষে হইলে প্রশ্ন কর্ত্তার মনে দ্রব্য ভ্রষ্ট হওন ও তৎ প্রাপ্তির চিন্তা।

তরিখ শেষে হইলে প্রশ্ন কর্ত্তার মনে পীড়িতের, তস্করের ও পথিকের বিষয় চিন্তা।

## বিচারপতি কব্জুল খারিজ হয়।

লহিয়ান শেষে হইলে রাজ্যাংশ ও অর্থ চিন্তা এবং কপটতার দ্বারায় কর্ম্ম সাধনের উপায় চিন্তা।

কব্জুল দাখিল শেষে হইলে নির্ব্বিঘ্নে স্বকার্য্য সাধন ও তৎসংক্রান্ত গূঢ় উপায় চিন্তা।

কব্জুল খারিজ শেষে হইলে প্রশ্ন কর্ত্তার মনে স্বীয় কর্ত্তৃ পক্ষের কার্য্য সাধন ও প্রবাসের ইচ্ছা।

জমাআত শেষে হইলে নৃপবংশজ মহাত্মার সহিত সখ্যতা ও নষ্ট দ্রব্য লাভের বাঞ্ছা।

ফরাহ শেষে হইলে প্রশ্ন কর্ত্তার মনে বন্ধুর সহিত মিলন ও অর্থাশা আছে।

একলা শেষে হইলে গমন, রোগ মুক্তি ও গূঢ় ব্যাপারের অভিজ্ঞান চিন্তা।

আঙ্কম শেষে হইলে প্রশ্ন কর্ত্তার অপবাদ ও নষ্ট দ্রব্যের অনুসন্ধানেচ্ছা।

হোমরা শেষে হইলে প্রশ্ন কর্ত্তার হৃত দ্রব্য, প্রবাস, ও জীবিকা বিষয়ক চিন্তা।

বিয়াজ শেষে হইলে প্রশ্ন কর্ত্তার মনে রোগীকে সহায়তা ও প্রবাসের চিন্তা।

নক্ষত্তুল খারিজ শেষে হইলে প্রশ্ন কর্ত্তার মনে গূঢ় কর্ম্ম ও মিলন চিন্তা।

নক্ষত্তুল দাখিল শেষে হইলে পীড়া আরোগ্যের নূতন কর্ম্ম প্রবর্ত্ত হওনের ও পরিণয়ের চিন্তা।

অতবে খারিজ শেষে হইলে প্রিয়জন পরিহার, বৈর-ভয় ও হৃত দ্রব্যের চিন্তা।

নকী শেষে হইলে প্রশ্ন কারকের পরিণয় কার্য্যাদির উদয় ও ধনাকাঙ্ক্ষা।

অতবে দাখিল শেষে হইলে মানসিক পীড়ার ও বন্ধু কর্তৃক বিপদে পতিত হওনের চিন্তা।

ইস্তমত শেষে হইলে রোগীর কার্য্য চিন্তা, কলহে কিম্বা অন্যের সহিত মিলনে আনন্দ বিষয়ক চিন্তা।

তরিখ শেষে হইলে অর্থ লাভাশয়ে বন্ধুতা করণেচ্ছা ও বন্ধুর কার্য্যের চিন্তা।

---

## বিচারপতি ☰ জমাএত হয়।

লহিয়ান শেষে হইলে প্রশ্ন কর্ত্তার নষ্ট বস্তু হেতু অতি ব্যাকুলিত, গূঢ় ব্যাপার সাধন ও রাজ মিলনেচ্ছা।

কবজুল দাখিলশেষে হইলে পীড়া জন্য ত্রাসও ঐ ত্রাস নিবারণে নির্ধন হেতু স্বদেশ ত্যাগের ইচ্ছা।

কবজুল খারিজ শেষে হইলে নষ্ট বস্তু দর্শনেচ্ছা, ভবিতব্য জানাইবার ইচ্ছা।

জমাএত শেষে হইলে মঙ্গল প্রাপ্তি, বন্ধুতা, দৈহিক সুখ ও ভ্রষ্ট বস্তুর প্রাপ্তি চিন্তা।

ফরাহ শেষে হইলে প্রশ্ন কারকের মনে অর্থোপার্জ্জন, পুত্র ও বন্ধু সংক্রান্ত চিন্তা।

ওকলা শেষে হইলে প্রশ্ন কারকের মনে আরোগ্য চিন্তা ও কোন মহাত্মার সহিত মিলন চিন্তা।

০||| অফিয শেষে হইলে অপর দেশ হইতে সম্মান লাভের ইচ্ছা করিয়াছ ও পাইব মনে করিয়াছ।

০|| হোমরা শেষে হইলে প্রশ্ন কারকের মনে প্রবাস গমন, যুদ্ধ এবং জয় ও অর্থোপার্জ্জনের ইচ্ছা।

|০| বিয়াজ হইলে নির্ধন হইয়া পরিণয় ও বিরোধ হেতু প্রবাসস্থ কোন লোকের সহিত মিলনেচ্ছা।

|০০| নস্রুতুল খারিজ হইলে কর্ত্তৃপক্ষের দ্বারা উৎপীড়িত হইয়া প্রবাসী হওন অসমর্থ ও সৈন্য এক করণেচ্ছা।

০০|| নস্রুতুল দাখিল শেষে হইলে প্রশ্ন কারকের মহাত্মার সহিত মিলন ও নষ্ট বস্তু প্রাপ্তি চিন্তা।

|০০০ অতবে খারিজ শেষে হইলে প্রশ্ন কারকের মনে বন্ধু, রোগী ও গুপ্ত বৈর বিষয়ক চিন্তা।

০|০০ নকী শেষে হইলে দৈহিক সুখ, পুত্রের শুভদায়ক কর্ম্ম, ও চির সঞ্চিত যশের চিন্তা।

০০০| অতবে দাখিল হইলে বন্ধু দ্বারায় ভ্রষ্ট বস্তু প্রাপ্তি, নৃপতির সহিত মিলন, মান ও প্রবাস চিন্তা।

|০০| ইস্তমত হইলে প্রিয়জনের পীড়া হওন, নষ্ট বস্তুর উল্লাস এবং মান ভঞ্জন হেতু মনের ক্ষুব্ধতা।

০০০০ তরিখ শেষে হইলে প্রশ্ন কারকের মনে সমারোহ, গমন ও দৈহিক কষ্ট চিন্তা।

---

## বিচারপতি ০||০ ওকলা হয়।

০||| অহিয়ান শেষে হইলে প্রশ্ন কারকের পীড়া, পরিণয় প্রবাস ও নানা প্রকার আপদ জন্য চাঞ্চল্য চিন্তা।

কবজুল দাখিল হইলে স্বীয় উন্নতি, গুপ্ত অর্থ প্রাপ্ত, রাজকার্য্য ইত্যাদির নিমিত্ত গমন বিষয়ক চিন্তা।

কবজুল খারিজ শেষে হইলে লাভ, দ্রব্যের মূল্য, অতীত দ্রব্য, ও পুত্র, কন্যার বিবাহ চিন্তা।

জমাএত শেষে হইলে প্রশ্ন কারকের দ্রব্য নষ্ট, প্রাণ হানি, বন্ধন, রোগের চিন্তা।

ফরাহ শেষে হইলে প্রশ্ন কারকের পর-কলঙ্ক ও বিরোধ ভয়ে আশ্রয়ের চিন্তা।

ওকলা শেষে হইলে প্রবাস, অর্থ লাভ, পদবৃদ্ধি, প্রশংসা ও সমারোহের চিন্তা।

অঙ্কিয শেষে হইলে পীড়িত ব্যক্তির, অর্থাশা ও বাঞ্ছিত দ্রব্য প্রাপ্তির চিন্তা।

হোমরা শেষে হইলে প্রশ্ন কারকের গূঢ় রোগ, পুত্র প্রাপ্তি ও বন্ধন ভয়ের চিন্তা।

বিয়াজ শেষে হইলে প্রশ্ন কারকের মনে পীড়া ও হৃত বস্তু প্রাপ্তির চিন্তা।

নক্রুর্ত্তুল খারিজ শেষে হইলে দেহ শুচি, রাজকর্ম্ম, স্বীয় উচ্চপদ ও গূঢ় দ্রব্য প্রাপ্তির চিন্তা।

নক্রুর্ত্তুল দাখিল শেষে হইলে প্রশ্ন কারকের মনে দুঃখভোগ, ত্রাস ও রোগের চিন্তা।

অতবে খারিজ শেষে হইলে পত্নীর সম্মিলন, অর্থাশা এবং উহা সাফল্যের চিন্তা।

নকী শেষে হইলে প্রশ্ন কারকের গমন ও অপভ্রষ্ট অধিকার প্রাপ্তির চিন্তা।

অতবে দাখিল শেষে হইলে হৃত দ্রব্য বা অতীত দ্রব্য প্রাপ্তির অভিলাষ।

ইজ্তমত শেষে হইলে গূঢ় রোগের চিন্তা ও নষ্ট অর্থ প্রাপ্তির অভিলাষ।

তরিখ শেষে হইলে চিত্ত চাঞ্চল্যের উপশম, সখ্যতা, শুভাকাঙ্ক্ষা ও প্রবাসের উপায় চিন্তা।

বিচারপতি নস্রুত্তুল খারিজ হয়।

লহিয়ান শেষে হইলে প্রশ্ন কারকের অর্থাশা, গূঢ় কর্ম্মের সাফল্যতা এবং বল ও বীর্য্যের আকাঙ্ক্ষা।

